# সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ

**কোম্পানির স্লোগান:** আগামী প্রজন্মের নিরাপদ আবাস।

## কোম্পানির ভিশন:

কোম্পানির ভিশন হলো দেশের মধ্যে বিশ্বস্ত, আধুনিক ও পরিবেশবান্ধব অনন্য সুন্দর রিয়েল এস্টেট প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা, যেখানে প্রতিটি মানুষ নিরাপদ, পরিকল্পিত ও মানসম্পন্ন আবাসনের স্বপ্ন বাস্তবে রূপ নিতে পারে।

## কোম্পানির মিশন:

কোম্পানির মিশন হলো সততা, গুণগত মান, উদ্ভাবনী কার্যক্রম এবং পেশাদারিত্বের সমন্বয়ে গ্রাহকদের জন্য তাঁদের বিনিয়োগের সর্বোচ্চ মূল্য সৃষ্টি করা। আমরা নির্ভরযোগ্য সেবা, স্বচ্ছ ব্যবসায়িক নীতি এবং আধুনিক প্রযুক্তির কার্যকর ব্যবহারের মাধ্যমে এমন একটি টেকসই সমাধান প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা গ্রাহক, অংশীদার, কর্মী এবং সমাজের দীর্ঘমেয়াদি উন্নয়ন নিশ্চিত করে।

## কোম্পানি পরিচিতি:

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ বাংলাদেশের একটি বিশ্বস্ত, পরিবেশবান্ধব এবং পরিকল্পিত রিয়েল এস্টেট প্রতিষ্ঠান, যা নিরাপদ, আধুনিক ও দীর্ঘমেয়াদি মানসম্পন্ন আবাসন নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সততা, স্বচ্ছতা, গুণগত মান এবং আইনগত নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আমাদের প্রতিটি ক্ষেত্রে বাস্তবায়ন করা হচ্ছে , যাতে গ্রাহকরা নিশ্চিন্তে তাঁদের স্বপ্নের ঠিকানা গড়ে তুলতে এবং নিরাপদ বিনিয়োগ করতে পারবে।

সিলিকন সিটি ঢাকার মোহাম্মদপুর সংলগ্ন তুরাগ নদীর উত্তর তীরে অবস্থিত রাজধানী ঢাকার নিকটবর্তী একটি পরিকল্পিত আবাসিক প্রকল্প। আধুনিক নগর পরিকল্পনা, প্রশস্ত সড়ক, উন্নত অবকাঠামো, সবুজ পরিবেশ এবং প্রয়োজনীয় নাগরিক সুবিধার সমন্বয়ে এই প্রকল্পটি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আদর্শ আবাসন হিসেবে গড়ে উঠছে।

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ শুধু জমি বা প্লট বিক্রি করে না; এখানে মানুষের স্বপ্ন, নিরাপত্তা এবং ভবিষ্যতের বিনিয়োগকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। অভিজ্ঞ ব্যবস্থাপনা, পেশাদার সেবা এবং গ্রাহককেন্দ্রিক দৃষ্টিভঙ্গির মাধ্যমে প্রতিটি গ্রাহকের আস্থা অর্জন এবং দীর্ঘমেয়াদি সম্পর্ক গড়ে তোলাই কোম্পানির মূল লক্ষ্য।

গ্রাহকের আস্থা, অনুপ্রেরণা,  ও সহযোগিতা তাঁদের স্বপ্ন পূরণই কোম্পানির মূল উদ্দেশ্য।

## চেয়ারম্যানের মেসেজ:

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর পক্ষ থেকে আপনাদেরকে  জানাচ্ছি  আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম।

আমাদের লক্ষ্য হলো আইনগতভাবে নিরাপদ, কৌশলগতভাবে উপযুক্ত এবং দীর্ঘমেয়াদি বিনিয়োগের সম্ভাবনাময় রিয়েল এস্টেট এর পরিকল্পনা উপস্থাপন করা, যেখানে আপনার বিনিয়োগের সর্বোচ্চ সম্ভাব্য মূল্যবৃদ্ধির লক্ষ্যে আমরা কাজ করছি । আমাদের সম্মানিত গ্রাহকরা যেন আত্মবিশ্বাসের মাধ্যমে ভবিষ্যৎ বিনিয়োগের সিদ্ধান্ত নিতে পারেন, সে লক্ষ্যেই আমরা  সিলিকন সিটির প্রতিটি ক্ষেত্রে শৈল্পিক  দৃস্টিতে কাজ করে যাচ্ছি।

আমাদের স্বপ্ন একটি বিশ্বস্ত, উদ্ভাবনী, বিনিয়োগভিত্তিক এবং মূল্যভিত্তিক প্রতিষ্ঠান হিসেবে দেশের রিয়েল এস্টেট খাতে নেতৃত্ব দেওয়া। গুণগত মান, পেশাদারিত্ব, নৈতিকতা এবং গ্রাহক সন্তুষ্টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আমরা এমন

উন্নয়ন নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ, যা ব্যক্তি, পরিবার এবং আগামী প্রজন্মের জন্য টেকসই উন্নয়ন ও নিরাপদ আবাস সৃষ্টি করবে।

আপনাদের আস্থা আমাদের সবচেয়ে বড় প্রেরণা। সেই আস্থার মর্যাদা রক্ষা করে প্রতিটি পদক্ষেপে আপনাদের নির্ভরযোগ্য অংশীদার হয়ে পাশে থাকার অঙ্গীকার করছি।

শুভেচ্ছান্তে,

চেয়ারম্যান

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ

## ব্যবস্থাপনা পরিচালকের মেসেজ

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

প্রতিটি মানুষেরই স্বপ্ন থাকে দিন শেষে একটি সুন্দর, নিরাপদ ও পরিকল্পিত আবাসন। সেই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে সিলিকন সিটির সুপরিকল্পিত নকশা, অভিজ্ঞ ব্যবস্থাপনা এবং রাজউকের প্রযোজ্য নিয়ম-নীতি অনুসরণ করে আবাসনের উন্নয়নের কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। খ্যাতনামা স্থপতি, প্রকৌশলী, নগর পরিকল্পনাবিদ, সমাজকর্মী, পরিবেশবিদ এবং অন্যান্য পেশাজীবীদের সমন্বয়ে আমরা একটি আধুনিক ও বাসযোগ্য আবাসন গড়ে তুলছি।

আপনার স্বপ্ন ও সাধ্যের সমন্বয় ঘটিয়ে আমরা নির্মাণ করছি স্বপ্নের আবাসন "সিলিকন সিটি"।

সিলিকন সিটির লে-আউট পরিকল্পনা অনুযায়ী ৩০ ও ৪০ ফুট প্রশস্ত সড়ক, ফুটবল মাঠ, ক্রিকেট মাঠ এবং গ্র্যান্ড মসজিদ নির্মাণ করা হয়েছে। এছাড়াও স্কুল, কলেজ, হাসপাতাল, ব্লকভিত্তিক মসজিদ, মার্কেট, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্কুল ও ট্রেনিং  সেন্টার,  পার্কসহ বিভিন্ন আধুনিক নাগরিক সুবিধা ধাপে ধাপে বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।

একই সঙ্গে তুরাগ নদীর উপর সিলিকন সিটি-তে সহজ যাতায়াত নিশ্চিত করতে একটি সেতু নির্মাণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। রাজউকের বিভিন্ন আবাসন প্রকল্পে আবেদন করেও যারা প্লট বরাদ্দ পাননি, তাঁদের জন্য সিলিকন সিটি হতে পারে একটি আদর্শ, নিরাপদ ও সম্ভাবনাময় আবাসন প্রকল্প। একবিংশ শতাব্দীর আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন সিলিকন সিটি-তে একটি প্লটের গর্বিত মালিক হয়ে গড়ে তুলুন আপনার এবং আগামী প্রজন্মের জন্য একটি নিরাপদ, পরিকল্পিত ও সমৃদ্ধ আবাসন।

শুভেচ্ছান্তে,

ব্যবস্থাপনা পরিচালক
সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ

## প্রতিষ্ঠান সূচনার পটভূমি

মানুষের চিরকালীন আকাঙ্ক্ষা প্রকৃতির সান্নিধ্য। মানুষ চায় প্রকৃতির মাঝে একটি ছোট্ট, সুন্দর স্বপ্নের নীড়। কিন্তু জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে দ্রুত কমে আসছে মানুষের বাসযোগ্য জমি। বর্তমানে মানুষের বসতির পাশে প্রকৃতির সান্নিধ্য ক্রমেই অপ্রতুল হয়ে পড়ছে। রাজধানী ঢাকার বুকে একখণ্ড জমি, নিজের বাড়ি, নিরাপদ আশ্রয় এবং সুন্দর ও নির্মল পরিবেশ, প্রতিটি মানুষের মনের গহীনে লালিত এক স্বপ্ন।

আপনার এই স্বপ্ন পূরণের অঙ্গীকার নিয়ে ঢাকার মোহাম্মদপুরস্থ তুরাগ নদীর উত্তর সংলগ্নে, প্রকৃতির সবুজ ছায়ায় গড়ে উঠেছে সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর আবাসিক প্রকল্প "সিলিকন সিটি"।

মহানগরী ঢাকায় প্রতিনিয়তই বাড়ছে মানুষের চাপ। এই ক্রমবর্ধমান জনসংখ্যার চাপে ঢাকায় বসবাসের উপযোগিতা দিন দিন কমে যাচ্ছে। প্রতিটি মানুষ কর্মব্যস্ত জীবনের পর একটু মুক্ত নিঃশ্বাস ফেলতে চায়, খুঁজে বেড়ায় একটু স্বস্তি ও শান্তির পরশ। মানুষ যখন স্বস্তি ও শান্তির প্রত্যাশায় এক টুকরো লালিত স্বপ্নের সন্ধান করে, দিগন্ত বিস্তৃত সবুজ, নির্মল বাতাস, খোলা আকাশ এবং পাখির কলতানে মুখরিত একটি কোলাহলমুক্ত পরিবেশে আপন ঠিকানা, তখন সেই স্বপ্ন বাস্তবায়নের প্রত্যয় নিয়েই এগিয়ে এসেছে সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ।

আপনি জেনে আনন্দিত হবেন যে, এমন একটি পরিকল্পিত আবাসন প্রকল্প অভিজ্ঞ ও দক্ষ ব্যবস্থাপনার তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর আবাসিক প্রকল্প সিলিকন সিটি।

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ একটি বিশ্বস্ত, পরিবেশবান্ধব ও পরিকল্পিত রিয়েল এস্টেট প্রতিষ্ঠান, যার লক্ষ্য নিরাপদ, আধুনিক ও মানসম্মত আবাসন নিশ্চিত করা। প্রতিষ্ঠানটি "সিলিকন সিটি" প্রকল্পের মাধ্যমে ঢাকার নিকটবর্তী এলাকায় একটি পরিকল্পিত আবাসিক নগরী গড়ে তুলছে। প্রশস্ত সড়ক, উন্নত অবকাঠামো, সবুজ পরিবেশ এবং আধুনিক নাগরিক সুবিধার সমন্বয়ে প্রকল্পটি ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি আদর্শ আবাস হিসেবে গড়ে উঠছে। গ্রাহকের আস্থা, স্বচ্ছতা, গুণগত মান এবং আইনগত নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রতিষ্ঠানটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। আমাদের প্রত্যাশা, প্রতিটি গ্রাহকের স্বপ্ন পূরণের বিশ্বস্ত অংশীদার হয়ে একটি নিরাপদ, আধুনিক ও সমৃদ্ধ আবাসন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের রিয়েল এস্টেট খাতে অনন্য দৃষ্টান্ত স্থাপন করা।

## আমাদের অবস্থান

সিলিকন সিটি জাতীয় সংসদ ভবনের পশ্চিমে, মোহাম্মদপুর বেড়িবাঁধ সংলগ্ন তুরাগ নদীর উত্তর পাশে রাজউকের প্রস্তাবিত সম্প্রসারিত নগর মহাপরিকল্পনার আওতাধীন এবং প্রস্তাবিত ঢাকা বন্যা প্রতিরক্ষা বাঁধের অভ্যন্তরে, ঢাকা জেলার সাভার উপজেলাস্থ বড় বরদেশী মৌজায় অবস্থিত একটি নিরাপদ ও পরিকল্পিত আবাসিক আবাসন।

ঢাকার অতি সন্নিকটে অবস্থিত হওয়ায় সিলিকন সিটি থেকে মাত্র ২–৩ কিলোমিটারের মধ্যেই রয়েছে জাতীয় সংসদ ভবনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সরকারি, শিক্ষা ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান, যার মধ্যে উল্লেখযোগ্য হলো- জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট, জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল, আগারগাঁও প্রশাসনিক এলাকা, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল অ্যান্ড কলেজ, মোহাম্মদপুর রেসিডেনশিয়াল মডেল কলেজ, সেন্ট জোসেফ হায়ার সেকেন্ডারি স্কুল, গ্রিন হেরাল্ড স্কুল, মোহাম্মদপুর টাউন হল, ঐতিহাসিক শিয়া মসজিদ এবং জাপান গার্ডেন সিটি ইত্যাদি।

## কোম্পানির মূল্যবোধ:

### সততা
প্রতিটি লেনদেন ও সেবায় সর্বোচ্চ সততা, স্বচ্ছতা এবং নৈতিকতা বজায় রেখে গ্রাহকের আস্থা অর্জন করাই আমাদের অঙ্গীকার।

### গ্রাহকের আস্থা
গ্রাহকের বিশ্বাস অর্জন, তাদের প্রত্যাশা পূরণ এবং দীর্ঘমেয়াদি পারস্পরিক সম্পর্ক গড়ে তোলাকে আমরা সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করি।

### আইনগত নিরাপত্তা
প্রতিটি লেনদেন ও সেবায় সর্বোচ্চ সততা, স্বচ্ছতা এবং নৈতিকতা বজায় রেখে গ্রাহকের আস্থা অর্জন করাই আমাদের অঙ্গীকার।

### গুণগত মান

উন্নত পরিকল্পনা, মানসম্মত অবকাঠামো, টেকসই উন্নয়ন এবং আধুনিক স্থাপত্যের সমন্বয়ের মাধ্যমে সর্বোচ্চ মান নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

### স্বচ্ছতা

সকল তথ্য, মূল্য নির্ধারণ, চুক্তি এবং প্রকল্প ব্যবস্থাপনায় সম্পূর্ণ স্বচ্ছতা বজায় রাখাই আমাদের অন্যতম প্রধান নীতি।

### পরিকল্পিত উন্নয়ন

আধুনিক নগর পরিকল্পনা, পরিবেশবান্ধব অবকাঠামো এবং দীর্ঘমেয়াদি বিনিয়োগের মাধ্যমে সর্বোচ্চ মূল্য সৃষ্টি ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

### গ্রাহক সেবা

বিক্রয়ের পূর্বে, বিক্রয় চলাকালীন এবং বিক্রয়-পরবর্তী প্রতিটি পর্যায়ে সর্বোচ্চ মানের গ্রাহকসেবা প্রদান আমাদের অন্যতম অঙ্গীকার।

### সামাজিক দায়বদ্ধতা

সবুজ, আধুনিক, নিরাপদ ও সকল ধরনের নাগরিক সুযোগ-সুবিধাসম্পন্ন আবাসন গড়ে তোলার মাধ্যমে সমাজ ও দেশের টেকসই উন্নয়নে অবদান রাখা আমাদের অন্যতম দায়িত্ব।

## কোম্পানির সদস্য  হওয়ার প্রক্রিয়া:

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর সদস্য হওয়ার জন্য নিম্নোক্ত পদ্ধতিগুলোর মাধ্যমে আবেদন করা যাবে। কোম্পানির প্রচলিত নিয়ম ও শর্তাবলি অনুসরণ করে সদস্যপদ গ্রহণের পর প্লট বুঝে নেওয়া যাবে।

### ১. উত্তরাধিকার সূত্রে

সিলিকন সিটির আওতাভুক্ত এলাকার সরাসরি ভূমির মালিক বা উত্তরাধিকার সূত্রে ভূমির মালিকগণ কোম্পানির নির্ধারিত নিয়ম অনুযায়ী আবেদন করে সদস্যপদ গ্রহণের মাধ্যমে তাদের প্লট বুঝে নিতে পারবেন।

### ২. কোম্পানির মাধ্যমে ক্রয় সূত্রে

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর মাধ্যমে যারা প্লট বা জমি ক্রয় করেছেন, তারা কোম্পানির প্রচলিত নিয়ম অনুযায়ী আবেদন করে সদস্যপদ গ্রহণের পর প্লট বুঝে নিতে পারবেন।

### ৩. অন্যান্য উৎস থেকে ক্রয় সূত্রে

কোম্পানি বা  উত্তরাধিকার সূত্রের বাইরে যারা সিলিকন সিটির আওতাভুক্ত এলাকায় জমি বা প্লট ক্রয় করেছেন, তারাও কোম্পানির নির্ধারিত নিয়ম অনুযায়ী আবেদন করে সদস্যপদ গ্রহণের মাধ্যমে প্লট বুঝে নিতে পারবেন।

# আবেদনপত্র:

বরাবর

চেয়ারম্যান / ব্যবস্থাপনা পরিচালক

সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ

২/৩ (৪র্থ তলা), ব্লক–এ, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা–১২০৭

**বিষয়ঃ "সিলিকন সিটি"-তে সদস্য হওয়ার আবেদন।**

জনাব,

আমি নিম্ন স্বাক্ষরকারী: ..........................................................................................................

পিতা/স্বামীর নাম : ..........................................................................................................

মাতার নাম : ..........................................................................................................

বর্তমান ঠিকানা:..........................................................................................................

..........................................................................................................

স্থায়ী ঠিকানা : ..........................................................................................................

..........................................................................................................

ফোন নম্বর : ..................................মোবাইল : ..................................আইডি :..................................

জন্ম তারিখ : ..................................পেশা : ..................................জাতীয়তা : ..................................

প্রতিনিধির নাম : ..........................................................................সম্পর্ক : ..................................

পেশা : ..................................মোবাইল : ..................................আইডি :..................................

উত্তরাধিকারীর নাম : ..................................সম্পর্ক : ..................................মোবাইল : ..................................

ঠিকানা : ..........................................................................................................

বিশেষ কোনো নির্দেশনা (যদি থাকে) : ..........................................................................................................

..........................................................................................................

## জমির বিবরণ

ঢাকাস্থ সাভার থানাধীন বড় বরদেশী মৌজায় অবস্থিত সি.এস./এস.এ. দাগ নম্বর : ..................................................আর.এস. দাগ নম্বর : ...........................................................বি.এস. দাগ নম্বর : ...........................................................................................................!

## ঘোষণা পত্র

আমি সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর আওতাধীন "সিলিকন সিটি" প্রকল্পে আকৃষ্ট হয়ে আমার মালিকানাধীন ................. শতাংশ অথবা গ্রস ⬛/নিট ⬛ ................. কাঠা জমি উক্ত প্রকল্পে অন্তর্ভুক্তকরণ এবং "সিলিকন সিটি"-এর সদস্যপদ গ্রহণ করতে ইচ্ছুক। উক্ত প্রকল্পে ভূমি উন্নয়নের পাশাপাশি আমার জমির সুষম উন্নয়ন এর সুবিধার্থে একজন গর্বিত প্লটের মালিক হওয়াই আমার উদ্দেশ্য। উল্লেখ্য যে, সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ-এর যাবতীয় শর্তাবলী সম্পর্কে আমি অবগত হয়ে এবং তা যথাযথভাবে পালন করার অঙ্গীকার করছি। আমি আরো অঙ্গীকার করছি যে, ভবিষ্যতে কোম্পানি কর্তৃক ধার্যকৃত যাবতীয় ব্যয় ও ফি পরিশোধ করতে আমি বাধ্য থাকব।

তারিখ : ..................................                                        আবেদনকারীর স্বাক্ষর : ....................................

## শর্তাবলী: আবেদন কারীকে শর্তাবলী পড়ার জন্য অনুরোধ করা হলো!

1. প্রকল্প এলাকায় অবস্থিত জমির মালিক কর্তৃক মূল দলিল ও অন্যান্য কাগজপত্রের ফটোকপি এবং এক কপি ছবিসহ আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।
2. 'সিলিকন সিটি'তে সদস্য হওয়ার জন্য আবেদনপত্রের সঙ্গে সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজের দুই কপি ছবি এবং ১,০০০/- (এক হাজার) টাকা কোম্পানির অনুকূলে চেক অথবা নগদে প্রদান করতে হবে। প্রতিটি প্লটের বিপরীতে পৃথক সদস্যপদ গ্রহণ করতে হবে।
3. সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ কর্তৃক 'সিলিকন সিটি'তে উন্নয়নের জন্য প্রতি কাঠা জমিতে ১৬–১৮ ফুট উচ্চতা পর্যন্ত মাটি ভরাটের মূল্য বাজারদর অনুযায়ী নির্ধারণ করা হবে। উক্ত নির্ধারিত মূল্য প্রত্যেক সদস্যকে পরিশোধ করতে হবে।
4. কোম্পানিতে অন্তর্ভুক্ত মালিকানাধীন জমি হতে রাস্তা, মসজিদ, স্কুল, কলেজ, পার্ক ও অন্যান্য সামাজিক অবকাঠামো নির্মাণের জন্য প্লটের অবস্থান অনুযায়ী ৩০% থেকে ৩৫% জমি 'সিলিকন সিটি'-এর অনুকূলে আম-মোক্তারনামা দলিলের মাধ্যমে হস্তান্তর করতে হবে।
5. কোম্পানিতে জমি অন্তর্ভুক্ত হওয়ার পর কোনো অবস্থাতেই সদস্যপদ প্রত্যাহার করা যাবে না। তবে কোম্পানিকে অবহিতপূর্বক ছাড়পত্র গ্রহণ করে বিক্রয়, হস্তান্তর বা হেবা সম্পাদন করা যাবে। ছাড়পত্র গ্রহণের সময় কোম্পানি কর্তৃক নির্ধারিত ফি প্রদান করতে হবে।
6. এছাড়াও গ্যাস, পানি, বিদ্যুৎ, নিরাপত্তা, স্যুয়ারেজ, রাস্তা-ঘাট উন্নয়ন, টেলিফোন লাইন, বৃক্ষরোপণসহ বিভিন্ন নাগরিক সুবিধা ও অবকাঠামো স্থাপনের জন্য আনুপাতিক হারে অর্থ প্রদান করতে হবে, যা কোম্পানি কর্তৃক নির্ধারিত হবে।
7. ভূমি উন্নয়নে কোম্পানি যে পরিমাণ অর্থ ব্যয় করবে, তা যদি জমির মালিক পরিশোধ করতে অপারগ হন, সে ক্ষেত্রে আলোচনা সাপেক্ষে মাটি ভরাটের মূল্য অনুযায়ী সমপরিমাণ জমি কোম্পানির অনুকূলে রেজিস্ট্রি করে দিতে পারবেন।
8. 'সিলিকন সিটি'-এর অভ্যন্তরে পরিবেশ উন্নয়ন ও সৌন্দর্য রক্ষার স্বার্থে কোনো প্লট মালিক তার প্লটে বস্তি বা ছাপড়া ঘর নির্মাণ করতে পারবেন না। তবে আধাপাকা বাড়ি বা ভবন নির্মাণ করতে পারবেন।
9. সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিমিটেড-এর 'সিলিকন সিটি' আবাসিক এলাকায় কোনো প্রকার বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করা যাবে না। তবে দোকান-পাট ও অন্যান্য বাণিজ্যিক কার্যক্রম পরিচালনার জন্য প্রকল্প এলাকায় পৃথক স্থান নির্ধারণ করা হয়েছে।
10. 'সিলিকন সিটি' প্রকল্পে কোনো ধরনের স্থাপনা নির্মাণের পূর্বে অবশ্যই কোম্পানিকে অবহিত করতে হবে এবং কোম্পানির অনুমতি গ্রহণ করতে হবে। কারণ একটি সুন্দর, পরিকল্পিত ও মনোরম আবাসিক এলাকা গড়ে তোলা

আমাদের সকলের নাগরিক দায়িত্ব।

11. জমির মালিকানা সংক্রান্ত কোনো বিরোধ দেখা দিলে, উক্ত বিরোধ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কোম্পানি কর্তৃক প্লট হস্তান্তর স্থগিত রাখা হবে।
12. 'সিলিকন সিটি'-এর প্রতিটি প্লটের বাউন্ডারি ওয়াল কমন হবে। নির্মাণকাজের ক্ষেত্রে বাউন্ডারি সীমানা বাদ দিয়ে ভবন নির্মাণ করতে হবে। কোনো অবস্থাতেই বাউন্ডারি সীমানা ব্যবহার করা যাবে না।
13. কোম্পানি কর্তৃক প্লটের সীমানা প্রাচীর নির্মাণ করা হবে। এ জন্য প্লট মালিককে নির্ধারিত হারে অর্থ প্রদান করতে হবে।
14. সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিমিটেড কর্তৃক 'সিলিকন সিটি'-এর উন্নয়নের স্বার্থে সময়ে সময়ে গৃহীত সিদ্ধান্তসমূহ মেনে চলতে হবে।
15. কোম্পানির বাইরে ব্যক্তিমালিকানাধীন জমির মালিকানা নিয়ে কোনো বিরোধ দেখা দিলে সিলিকন রিয়েল এস্টেট (প্রাঃ) লিঃ এ বিষয়ে কোনো দায়-দায়িত্ব বহন করবে না। তবে উভয় পক্ষের অনুরোধে মালিকানা বিরোধ নিষ্পত্তিতে কোম্পানি সহযোগিতা করতে পারে।
16. আবেদনের প্রেক্ষিতে মাটি ভরাট বাবদ জমাকৃত অর্থের উপর **১০%** সার্ভিস চার্জ কর্তনপূর্বক অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা হবে।
17. কোম্পানির লিখিত অনুমতি ব্যতীত কোনো সদস্য তার প্লটে অতিরিক্ত বাউন্ডারি নির্মাণ বা মাটি ভরাটের কাজ করতে পারবেন না।
18. কোম্পানির আওতাধীন এলাকায় উন্নয়ন বা অতিরিক্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে কোম্পানির হিসাব শাখায় নির্ধারিত অর্থ জমা দিয়ে মানি রিসিট সংগ্রহ করার পরই কাজ শুরু করতে হবে।
19. উল্লেখ্য যে প্লটের মধ্যে স্থায়ী ভবন নির্মাণ করার পূর্বে আপনার ভূমির আনুপাতিক হারে জমি **আম-মোক্তারনামা** দলিল দ্বারা কোম্পানীকে রেজিস্ট্রি করে দিতে হবে! অন্যথায় কোম্পানী কতৃক আপনার প্লটের স্থায়ী নির্মাণ কাজ স্থগিত করা হবে এবং কোন প্রকার ছাড় পত্র দেওয়া হবে না।

উপরোক্ত শর্তসমূহ সম্যকভাবে অবগত ও উপলব্ধি করে, স্বজ্ঞানে এবং স্বেচ্ছায় আমি স্বাক্ষর করলাম।

আবেদনকারীর স্বাক্ষর

**অফিস তত্ত্বাবধায়ক** **পরিচালক / ব্যবস্থাপনা পরিচালক** **চেয়ারম্যান**